



৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান এর উদ্যোগ নেওয়া হয়েছে

আগামী ২৫ আগস্ট ২০২২ রোজ বৃহস্পতিবার দেশের সকল সিটি কর্পোরেশনে ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হতে যাচ্ছে।

পর্যায়ক্রমে জেলা, উপজেলা, পৌরসভা ও কমিউনিটি পর্যায়ে কোভিড-১৯ ভ্যাকসিন কার্যক্রম পরিচালনা করা হবে।

শিশুদের টিকা নেওয়ার নিয়মাবলী:

- ৫-১১ বছর বয়সের শিশুদের অভিভাবকগণ সুরক্ষা অ্যাপস/সুরক্ষা ওয়েবসাইটে (www.surokha.gov.bd) জন্ম নিবন্ধনের মাধ্যমে কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য আজই রেজিস্ট্রেশন করুন।
- যে সব শিশুদের জন্ম সনদপত্র নেই, তাদের অভিভাবকগণ জন্ম সনদপত্র সংগ্রহ করে রেজিস্ট্রেশন করুন।
- শিশুদের জন্ম নিবন্ধন নম্বর অবশ্যই ১৭ ডিজিটের হতে হবে। যাদের নেই তারা নতুন করে ১৭ ডিজিটের নিবন্ধন করুন।
- বিদেশী পাসপোর্টধারী শিশুদের সুরক্ষা অ্যাপস/সুরক্ষা ওয়েবসাইটের (www.surokha.gov.bd) মাধ্যমে নিবন্ধিত হওয়ার পূর্বে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে নির্ধারিত 'এক্সেল ছকে' student.dshe.vaccination@gmail.com ঠিকানায় তথ্য প্রেরণ করুন।
- রেজিস্ট্রেশনকৃত শিশুরা ভ্যাকসিন কার্যক্রম শুরু হলে সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত স্কুলে ভ্যাকসিন গ্রহণ করবে।
- ভ্যাকসিন গ্রহণের জন্য অবশ্যই রেজিস্ট্রেশন কার্ড সাথে আনতে হবে।
- কেন্দ্রের নাম : ঢাকা স্কুল (উত্তর) সিটি কর্পোরেশন



শাইকটাইল, অলিম এডুকেশন এক প্রমোশন
স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর
বাংলা দেশ বিদ্যালয়, যাত্রা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



কোভিড ভ্যাকসিন নিন
সুরক্ষিত থাকুন



সঠিক তথ্যের প্রয়োজনে ১৬২৬৩ অথবা ৩৩৩ হেল্প লাইনে ফোন করুন।